গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

**বিষয়: ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উদযাপনের লক্ষ্যে গঠিত ক্রোড়পত্র ও প্রকাশনা সংক্রান্ত উপকমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ আব্দুল মান্নান ইলিয়াস।
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণগ্রন্থাগার অধিদপ্তর,
শাহবাগ, ঢাকা।
সভার তারিখ : ২০ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ।
সভার সময় : বিকাল ০৫.০০ টা।
সভার স্থান : গণগ্রন্থাগার অধিদপ্তরের সভাকক্ষ ।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিব জনাব মোহাম্মদ জিল্লুর রহমানকে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর এজেন্ডাভুক্ত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরুপ সিদ্ধান্তবলী গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| ১. | ক্রোড়পত্র প্রকাশ | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষে বহুল প্রচারিত জাতীয় দৈনিক সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় কৃষি মন্ত্রী, মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মহাপরিচালকের বাণী অন্তর্ভুক্ত করার বিষয়ে সভাকে অবহিত করা হয়।<br><br>(খ) ক্রোড়পত্রে গণগ্রন্থাগার অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে মহাপরিচালক কর্তৃক লিখিত একটি নিবন্ধ অন্তর্ভুক্তকরণ বিষয়েও সভায় উপস্থিত সদস্যগণ একমত প্রকাশ করে। | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষে বহুল প্রচারিত ৫-৮ টি দৈনিক সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশ করা হবে। ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় কৃষি মন্ত্রী, মাননীয় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও অত্র অধিদপ্তরের মহাপরিচালকের বাণী অন্তর্ভুক্ত করা হবে।<br><br>(খ) ক্রোড়পত্রে গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক লিখিত একটি নিবন্ধও অন্তর্ভুক্ত হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ২. | স্মরণিকা প্রাকাশ | (ক) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০' উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে স্মরণিকার কনটেন্টসমূহ দ্রুত প্রস্তুত করার মধ্য দিয়ে যথাসময়ে স্মরণিকা প্রকাশ নিশ্চিত করার উপর | (ক) স্মরণিকার কনটেন্টসমূহ দ্রুত প্রস্তুত করে প্রিন্টিং-এ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০১৯' উপলক্ষে স্মরণিকায় প্রকাশিত | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।<br>(খ) ‘জাতীয় গ্রন্থাগার দিবস-২০১৯’ উপলক্ষে প্রকাশিত স্মরণিকাটি সভায় উপস্থিত সদস্যগণদের নিকট উপস্থাপন করা হয়। সদস্য-সচিব জনান গত বছর প্রকাশিত স্মরণিকায় রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা “লাইব্রেরি” আলবার্ট আইনস্টাইনের “আমার দৃষ্টিতে জগৎ” হরপ্রসাদ শাস্ত্রীর লেখা “লাইব্রেরি” প্রমথ চৌধুরীর “বই পড়া” মোতাহের হোসেন চৌধুরীর লেখা “লাইব্রেরি” এবং সৈয়দ মুজতবা আলী কর্তৃক লেখা “বই কেনা”সহ বিভিন্ন গুনিজন কর্তৃক লেখা প্রবন্ধ ছিল। ‘জাতীয় গ্রন্থাগার দিবস-২০১৯’ উপলক্ষে স্মরণিকায় প্রকাশিত বিখ্যাত কবি-সাহিত্যিকদের প্রবন্ধগুলো এ বছরের স্মরণিকায়ও অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(গ) স্মরণিকায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভিশন ও মিশন এবং এর নিয়ন্ত্রণাধীন ১৭টি অধিদপ্তর/সংস্থার কার্যক্রম নিয়ে একটি বিস্তারিত প্রবন্ধ রাখার বিষয়ে উপস্থিত সদস্যগণ আগ্রহ প্রকাশ করেন।<br><br>(ঘ) অত্র অধিদপ্তরের মহাপরিচালক ও সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক ‘জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০’ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকার কিছু কপি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভি. আই. পি. রোমে রাখার ব্যবস্থা গ্রহণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। | রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা “লাইব্রেরি” আলবার্ট আইনস্টাইনের “আমার দৃষ্টিতে জগৎ” হরপ্রসাদ শাস্ত্রীর লেখা “লাইব্রেরি” প্রমথ চৌধুরীর “বই পড়া” মোতাহের হোসেন চৌধুরীর লেখা “লাইব্রেরি” সৈয়দ মুজতবা আলীর লেখা “বই কেনা” এবং অনেক গুনিজন/কবি-সাহিত্যিক কর্তৃক লেখা প্রবন্ধ এ বছর প্রকাশিতব্য স্মরণিকায়ও অন্তর্ভুক্ত করা হবে।<br><br>(গ) স্মরণিকায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ভিশন ও মিশন এবং এর নিয়ন্ত্রণাধীন ১৭টি অধিদপ্তর/সংস্থার কার্যক্রম নিয়ে একটি বিস্তারিত প্রবন্ধ থাকবে।<br><br>(ঘ) ‘জাতীয় গ্রন্থাগার দিবস-২০২০’ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকার কপি সকল মন্ত্রণালয়, অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে প্রেরণ করা হবে। এছাড়াও, প্রকাশিতব্য স্মরণিকার কপি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভি. আই. পি. রোমে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(মোঃ আব্দুল মান্নান ইলিয়াস)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও আহ্বায়ক
ক্রোড়পত্র ও প্রকাশনা সংক্রান্ত উপকমিটি
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

স্মারক: ৪৩.২৬.০০০০.০০২.২৩.৩৮০.২০(অংশ-১)-৯০৮ তারিখ: ২৬.০১.২০২০ খ্রিস্টাব্দ।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. জনাব আবদুল্যাহ হারুন পাশা, পরিচালক (অতিরিক্ত সচিব), প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০২. জনাব এ জে এম আব্দুল্যাহেল বাকী, পরিচালক (যুগ্মসচিব), লাইব্রেরি উন্নয়ন ও আইসিটি, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০৩. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা।
০৪. জনাব মোহাম্মদ জিল্লুর রহমান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক (প্রশাসন), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০৫. জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।
০৬. জনাব মো: কামাল হোসাইন, পরিচালক, বিশ্বসাহিত্য কেন্দ্র।
০৭. জনাব মু. মনিরুল ইসলাম, লাইব্রেরিয়ান, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০৮. জনাব এ.এইচ.এম কামরুজ্জামান, লাইব্রেরিয়ান (পাঠকসেবা), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০৯. জনাব মোহাম্মদ হামিদুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১০ লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জনাব খন্দকার আসিফ মাহতাব, লাইব্রেরিয়ান (উন্নয়ন ও আইসিটি), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১২. জনাব মোঃ হারুনর রশিদ, সহকারী লাইব্রেরিয়ান (সংগ্রহ ও বিতরণ), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (মহাপরিচালক- মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১৪. অফিস কপি।

২৬/০১/২০২০

(মোহাম্মদ জিল্লুর রহমান)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-
কাম-উপপরিচালক
(প্রশাসন)
ও
সদস্য-সচিব
ক্রোড়পত্র ও প্রকাশনা সংক্রান্ত উপকমিটি
ফোন: ৯৬৬৫৯১৫